

Business Squad

পরীক্ষার নাম: GST Accounting Test-03

সময়: ১৫ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: ২০ টি | মোট নম্বর: ২০ × ১ = ২০

প্রতি সঠিক উত্তরের নম্বর: ১ | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: ০.২৫

১) বাংলাদেশে হিসাববিজ্ঞানের নীতি বাস্তবায়নকারী সংস্থার নাম কী? (Accounting)

A). আইসিএবি (ICAB)

B). IFRS

C). IAS

D). CMA

সঠিক উত্তর: A). আইসিএবি (ICAB),

২) একতরফা দাখিলা পদ্ধতিতে কোন হিসাবটি সংরক্ষণ করা হয় না? (Accounting)

A). ব্যক্তিবাচক হিসাব

B). সম্পত্তিবাচক হিসাব

C). নগদান হিসাব

D). নামিক হিসাব

সঠিক উত্তর: D). নামিক হিসাব,

৩) কারা কীপু (Quipu) নামক রঙিন সূতায় গিঁট দিয়ে হিসাব রাখত? (Accounting)

A). পেরুর অধিবাসীরা

B). ইতালির অধিবাসীরা

C). ভারতের অধিবাসীরা

D). মিশরের অধিবাসীরা

সঠিক উত্তর: A). পেরুর অধিবাসীরা,

৪) নিচের কোন লেনদেনের জন্য নগদ অর্থ ব্যয় হবে? (Accounting)

A). অবচয়

B). পূর্বে প্রদত্ত ভাড়া

C). অবলোপন

D). নগদ বাট্টা

সঠিক উত্তর: B). পূর্বে প্রদত্ত ভাড়া,

৫) সমাপনী মজুতপণ্য বেশি দেখালে নিট আয় ও ব্যয় (Accounting)

A). বাড়বে ও কমবে

B). বাড়বে ও বাড়বে

C). কমবে ও কমবে

D). কমবে ও বাড়বে

সঠিক উত্তর: A). বাড়বে ও কমবে,

যদি প্রারম্ভিক মূলধন ১৬,০০০ টাকা, বছরের মাঝামাঝি অতিরিক্ত মূলধন ৩,৭০০ টাকা, সমাপনী মূলধন ১১,৩৫০ টাকা এবং উত্তোলন ৩,৩০০ টাকা হয়,

6) তাহলে উক্ত বছরে লাভ বা ক্ষতি কত হবে? (Accounting)

- A). ক্ষতি ১,৮৫০ টাকা
B). লাভ ১,৮৫০ টাকা
C). লাভ ৫,৫৫০ টাকা
D). ক্ষতি ৫,০৫০ টাকা
সঠিক উত্তরঃ D). ক্ষতি ৫,০৫০ টাকা,

7) ৫,০০০ টাকা নগদ লভ্যাংশ ঘোষণা করা হলে হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে? (Accounting)

- A). মালিকানা স্বত্ব হ্রাস ও বৃদ্ধি
B). মালিকানা স্বত্ব হ্রাস ও দায় বৃদ্ধি
C). দায় হ্রাস ও সম্পদ হ্রাস
D). মালিকানা স্বত্ব বৃদ্ধি ও দায় হ্রাস
সঠিক উত্তরঃ B). মালিকানা স্বত্ব হ্রাস ও দায় বৃদ্ধি,

8) কোনটি হিসাববিজ্ঞান প্রক্রিয়ার ধাপ নয়? (Accounting)

- A). শনাক্তকরণ
B). লিপিবদ্ধকরণ
C). যাচাইকরণ
D). যোগাযোগ
সঠিক উত্তরঃ C). যাচাইকরণ,

9) সেবা প্রদান করা হয়েছে কিন্তু এখনও বিলের টাকা পাওয়া যায়নি। হিসাব সমীকরণে লেনদেনটির সঠিক প্রভাব কোনটি? (Accounting)

- A). মালিকানা স্বত্ব ও আয় বৃদ্ধি
B). মালিকানা স্বত্ব ও চলতি সম্পদ বৃদ্ধি
C). প্রদেয় বিল ও আয় বৃদ্ধি
D). প্রাপ্য বিল বৃদ্ধি ও মালিকানা স্বত্ব হ্রাস
সঠিক উত্তরঃ B). মালিকানা স্বত্ব ও চলতি সম্পদ বৃদ্ধি,

একটি ব্যবসায় প্রতিষ্ঠানের প্রারম্ভিক সম্পত্তি ও দায় ছিল যথাক্রমে ৩০০,০০০ ও ১০০,০০০ টাকা। সারা বছর ধরে মালিক ৫০,০০০ টাকা বিনিয়োগ করেন ও ১০০,০০০ টাকা উত্তোলন করেন। বছর শেষে সমাপনী মূলধন প্রারম্ভিকের ২০% বেশি হয়।

10) উক্ত বছরের লাভ/ক্ষতির পরিমাণ কত? (Accounting)

- A). ৭০,০০০ টাকা ক্ষতি
B). ৪০,০০০ টাকা লাভ
C). ৭০,০০০ টাকা লাভ
D). ৯০,০০০ টাকা লাভ
সঠিক উত্তরঃ D). ৯০,০০০ টাকা লাভ,

এক প্রতিষ্ঠানের সমাপনী মূলধন ১৮,০০০ টাকা, অতিরিক্ত মূলধন ৯,০০০ টাকা, উত্তোলন ৫,৮০০ টাকা এবং বছরের নিট লাভ ৩,৭৫০ টাকা হলে

11) প্রারম্ভিক মূলধন কত টাকা হবে? (Accounting)

- A). ৯,০০০
- B). ৯০,০০০
- C). ৯,৮০০
- D). ১০,৬৫০

সঠিক উত্তরঃ D). ১০,৬৫০,

12) অভ্যন্তরীণ লেনদেনের উদাহরণ হলো□ (Accounting)

- A). সম্পত্তি ক্রয়
- B). দায় পরিশোধ
- C). সেবা প্রদান
- D). অফিস মনিহারি দ্রব্য ব্যবহার

সঠিক উত্তরঃ D). অফিস মনিহারি দ্রব্য ব্যবহার,

13) কোনটি নামিক হিসাব? (Accounting)

- A). সুনাম
- B). বেতন
- C). সোনালী ব্যাংক
- D). আসবাবপত্র

সঠিক উত্তরঃ B). বেতন,

আর্থিক বছরের শুরুতে সম্পত্তির পরিমাণ ছিল ১,০০,০০০ টাকা, মালিকের ইকুইটি ছিল ৬০,০০০ টাকা। উক্ত বছরে সম্পত্তি বেড়েছে ১০,০০০ টাকা এবং দায় কমেছে ৫,০০০ টাকা।

14) বছর শেষে মালিকের ইকুইটির পরিমাণ কত? (Accounting)

- A). ৭৫,০০০ টাকা
- B). ৬৫,০০০ টাকা
- C). ৫৫,০০০ টাকা
- D). ৮০,০০০ টাকা

সঠিক উত্তরঃ A). ৭৫,০০০ টাকা,

15) বন্ধুর নিকট হতে ঋণ নিয়ে ব্যবসা শুরু করলে নিম্নের কোন হিসাবটি ডেবিট হবে? (Accounting)

- A). ঋণ হিসাব
- B). নগদান হিসাব
- C). ব্যাংক হিসাব
- D). বন্ধু হিসাব

সঠিক উত্তরঃ B). নগদান হিসাব,

16) নবায়নকৃত বিলে অন্তর্ভুক্ত সুদ বিল প্রাপকের কাছে কী? (Accounting)

- A). আয়
- B). খরচ
- C). দায়
- D). সম্পদ

সঠিক উত্তরঃ B). খরচ,

17) কোম্পানি রেজিস্ট্রার হিসাব তথ্যের (Accounting)

A). অভ্যন্তরীণ ব্যবহারকারী

B). বাহ্যিক ব্যবহারকারী

C). ব্যবহারকারী নয়

D). A ও B উভয়ই

সঠিক উত্তরঃ B). বাহ্যিক ব্যবহারকারী,

18) ধারে কম্পিউটার ক্রয় ৫০,০০০ টাকা; হিসাব সমীকরণের কোন কোন উপাদানে প্রভাব পড়বে? (Accounting)

A). সম্পদ ও মালিকানা স্বত্ব

B). দায় ও মালিকানা স্বত্ব

C). সম্পদ ও দায়

D). আয় ও দায়

সঠিক উত্তরঃ C). সম্পদ ও দায়,

19) একতরফা দাখিলায় কোনটি সংরক্ষণ করে না? (Accounting)

A). সম্পদ

B). দায়

C). মূলধন

D). ব্যয়

সঠিক উত্তরঃ D). ব্যয়,

20) একটি লেনদেন সবসময় প্রভাবিত করে (Accounting)

A). নগদান হিসাবকে

B). হিসাব সমীকরণকে

C). আয়-ব্যয় হিসাবকে

D). রেওয়ামিলকে

সঠিক উত্তরঃ B). হিসাব সমীকরণকে,